

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১৩০.০৪.০০১.২২-৮২

তারিখ : ১০ ফাল্গুন ১৪৩২
২৩ ফেব্রুয়ারি ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ মনিরুল ইসলাম, সাবেক সাব-রেজিস্ট্রার, সদর, গাজীপুর [নিবন্ধন অধিদপ্তরে সংযুক্ত কর্মকর্তা হিসেবে আদেশপ্রাপ্ত]-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) এ বর্ণিত 'অসদাচরণ' ও বিধি ৩(গ)-এ বর্ণিত 'পলায়ন'-এর অভিযোগ আনয়নপূর্বক ০২/২০২৩ নং বিভাগীয় মামলা রুজু করত: কেন তাঁকে চাকরি হতে বরখাস্ত করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়; এবং

যেহেতু, জনাব মোঃ মনিরুল ইসলাম উক্ত কারণ দর্শানোর নোটিশের কোনো জবাব প্রদান করেননি; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক জনাব মোঃ মনিরুল ইসলাম-এর বিরুদ্ধে 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে জনাব মোঃ মনিরুল ইসলাম-কে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের ভিত্তিতে প্রাথমিকভাবে দোষী সাব্যস্ত করে কেন তাঁকে চাকরি হতে বরখাস্ত করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং


যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে কোনো জবাব প্রদান করেননি; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তাকে 'চাকুরী হতে বরখাস্ত' করার সিদ্ধান্তের বিষয়ে পরামর্শ প্রদানের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পত্র প্রেরণ করা হলে কমিশন এ সংক্রান্ত কাগজপত্রাদি পরীক্ষান্তে জনাব মোঃ মনিরুল ইসলাম, সাবেক সাব-রেজিস্ট্রার, সদর, গাজীপুর [নিবন্ধন অধিদপ্তরে সংযুক্ত কর্মকর্তা হিসেবে আদেশপ্রাপ্ত]-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী 'চাকুরী হতে বরখাস্ত' গুরুদণ্ড প্রদান সম্পর্কিত আইন ও বিচার বিভাগের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে; এক্ষণে

সেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের পরামর্শ অনুযায়ী জনাব মোঃ মনিরুল ইসলাম, সাবেক সাব-রেজিস্ট্রার, সদর, গাজীপুর [নিবন্ধন অধিদপ্তরে সংযুক্ত কর্মকর্তা হিসেবে আদেশপ্রাপ্ত]-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) এ বর্ণিত 'অসদাচরণ' ও বিধি ৩(গ)-এ বর্ণিত 'পলায়ন'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালায় বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী তাকে 'চাকুরী হতে বরখাস্ত (Dismissed from service)' করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রষ্ট্রেপতির আদেশক্রমে,


(লিয়াকত আলী মোল্লা)
সচিব

নম্বর : ১০.০০.০০০০.১৩০.০৪.০০১.২২-৮২/১(১৩)

তারিখ : ২৩-০২-২০২৬ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
২. মহা-পরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা [প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো]।

৬. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গাজীপুর।
৮. জেলা রেজিস্ট্রার, গাজীপুর।
৯. উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সদর, গাজীপুর।
১০. সাব-রেজিস্ট্রার, সদর, গাজীপুর।
১১. জনাব মোঃ মনিরুল ইসলাম, পিতা-মোঃ আলী আহমেদ, স্থায়ী ঠিকানা: সাং-মশরহাটি (লক্ষণপুর), থানা-নওয়াপাড়া (অভয়নগর), জেলা-যশোর। [সাবেক সাব-রেজিস্ট্রার, সদর, গাজীপুর (নিবন্ধন অধিদপ্তরে সংযুক্ত কর্মকর্তা হিসেবে আদেশপ্রাপ্ত)।
১২. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. অফিস কপি/গার্ড ফাইল।

(মোহাম্মদ আযিযুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৪১০৫২১৭২